দৈনিক জনকণ্ঠ
তারিখ 04 DEC 2017

# বাউফলে স্কুলমাঠে নির্মাণ সামগ্রী ॥ পাঠদান ব্যাহত

**নিজস্ব সংবাদদাতা, বাউফল, ৩ ডিসেম্বর ॥** উপজেলার নাজিরপুর ইউনিয়নের নিমদী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের। মাঠ দখল করে সড়কের নির্মাণ সামগ্রী রাখা হয়েছে। মাঠের মধ্যে গর্ত করে চুলা তৈরি করে বিটুমিন গলানো হচ্ছে এবং ডাবল হোপার ইঞ্জিন চালিত মেশিন স্থাপন করে কার্পেটিংয়ের মিশ্রণ তৈরি করা হচ্ছে। ইঞ্জিনের বিকট শব্দ আর বিটুমিন পোড়া গন্ধে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হচ্ছে। স্থানীয় বাসিন্দা ও বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে কথা বলে জানা গেছে, গত ২৪ নবেম্বর কোন অনুমতি ছাড়াই মাঠের মধ্যে সড়কের নির্মাণ সামগ্রী রাখা হয় এবং মাঠেই নির্মাণের যাবতীয় কার্যক্রম করা হয়। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসিমা আকতার বলেন, 'কালো ধোঁয়া আর বিটুমিনের গন্ধে' এবং মিশ্রণ ইঞ্জিনের বিকট শব্দে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

এদিকে, উপজেলার মদনপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সামনে থেকে হিরু মিয়ার ব্রিজ পর্যন্ত ১ কোটি ৩৫ লাখ টাকা ব্যয়ে সোয়া ২ কিলোমিটার কার্পেটিং সড়কের ম্যাকাডমের কাজ চলছে নিম্নমানের ইট দিয়ে। স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদফতর (এলজিইডি) কাজটি বাস্তবায়ন করছে।

এ নিয়ে ওই এলাকার লোকজনের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হলেও কর্তৃপক্ষ কোন ধরনের ব্যবস্থা নিচ্ছে না। ফলে এই সড়কের স্থায়িত্ব নিয়ে প্রশ্ন উঠেছে। জানা গেছে, চলতি বছর এপ্রিল মাসে হাসান মাহমুদ নামের বরিশালের এক ঠিকাদার সড়কের নির্মাণ কাজ শুরু করে। বেড কাটা থেকে, বালু ভড়াট ও ম্যাকাডম পর্যন্ত সড়কের নির্মাণ কাজ সিডিউল অনুযায়ী করা হয়নি। বর্তমানে অত্যন্ত নিম্নমানের ইট দিয়ে সড়কটির ম্যাকাডমের কাজ করা হচ্ছে। স্থানীয় লোকজন বাধা দিলেও কোন লাভ হয়নি।'



***বাউফল :*** *উপজেলার নাজিরপুর ইউনিয়নের নিমদী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ দখল করে এভাবে সড়কের নির্মাণ সামগ্রী রাখা হয়েছে -জনকণ্ঠ*